গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক নং ০৫.৫০.১০৮৮.০০০.১৩.০০৩.২৪- ৫৭৪ (২০০)

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১৫ মে ২০২৪

## জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে ম্যানুয়াল আবেদনপত্র আহবান

## বিজ্ঞপ্তি নং ০৩/১৪৩১

ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা'র ২৫/০২/২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.২৪.৩৬১ নং স্মারক পত্রের নির্দেশনার আলোকে "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" অনুযায়ী শেরপুর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০.০০ একরের নীচে বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ ০৩(তিন) বছর মেয়াদে ম্যানুয়েল পদ্ধতিতে আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি ও নিয়মাবলী/শর্তাবলী অনুসরণপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, বিজ্ঞপ্তিতে প্রকাশিত ইজারাযোগ্য জলমহালের তফসিল, আয়তন, জলমহালের বাস্তব অবস্থান মামলা সংক্রান্ত তথ্য সম্পর্কে সম্পূর্ণ অবগত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহন করতে হবে। ইজারা প্রাপ্তির পর কোন ধরণের দাবী/আপত্তি গ্রহণযোগ্য হবে না।

**দরপত্রের সময়সূচিঃ**

| আবেদন ফরম বিক্রির তারিখ ও স্থান | ম্যানুয়ালি আবেদন দাখিলের তারিখ, সময় ও স্থান | আবেদন খোলার তারিখ |
|---|---|---|
| ১৯/০৫/২০২৪ হতে ৩০/০৫/২০২৪<br>অফিস চলাকালীন সময়<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শেরপুর, বগুড়া<br>উপজেলা ভূমি অফিস, শেরপুর, বগুড়া | ০২/০৬/২০২৪<br>সকাল ৯:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত<br>উপজেলা নির্বাহী অফিসের রক্ষিত দরপত্র বক্সে<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>শেরপুর, বগুড়া | ০৩/০৬/২০২৪<br>দুপুর: ০৩.০০ ঘটিকা<br>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>শেরপুর, বগুড়া |

**বাংলা ১৪৩১ হতে ১৪৩৩ সনের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা:**

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমাণ | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য (বাৎসরিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | হাসড়াগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৪৩২ | ০.৭২ | ৮৭১৫ | |
| ০২ | চক সিংড়া | কুসুম্বী | কাশিপাড়া | ১৭৪/২৭৮ | ০.৫৩ | ১১০২৫ | |
| ০৩ | নালুকাগাড়ী | কুসুম্বী | মদনগাড়ী | ১৪৮ | ০.৫৬ | ১৪০৭০ | |
| ০৪ | শুভগাড়ী/গফুগাড়ী | কুসুম্বী | কেল্লা | ২৩০ | ০.৪৯ | ২৬২৫ | মামলা চলমান |
| ০৫ | ধাওয়াপাড়াপুকুর | কুসুম্বী | ধাওয়াপাড়া | ৭৯৯/১১১৪ | ১.২১ | ১৩৮৬০ | |
| ০৬ | কুন্দলগাড়ী | কুসুম্বী | আমইন | ৫৭৪ | ০.৪৬ | ২৬২৫ | |
| ০৭ | দামুয়া | কুসুম্বী | কেল্লা | ২৮৩ | ১. | ৩৩১০৫ | মামলা চলমান |
| ০৮ | কোচারগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩৯৪ | ০.৩৮ | ১২৭৩৩ | |
| ০৯ | বটগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৭৫ | ০.৬৪ | ১০০৮০ | |
| ১০ | টিয়াগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ২৬৬ | ০.৫১ | ৮০৯৫ | |
| ১১ | কামালগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ১২২ | ০.৪৫ | ৮৫০৯ | |
| ১২ | মধ্যগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩২৫ | ০.৫২ | ৮২২১ | |
| ১৩ | ধনতলা | কুসুম্বী | তাঁতড়া | ৩৩০ | ০.৪৯ | ৮৪৯৬ | |
| ১৪ | চিত্রাগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ১৪৭ | ০.৫১ | ৯৭৪৪ | |
| ১৫ | কাজিহাটা | কুসুম্বী | আকরামপুর | ১৬৪/১১৪ | ৩.২৭ | ৪৫৭২৯ | মামলা চলমান |
| ১৬ | ডাবরগাড়ী | কুসুম্বী | দারুগ্রাম | ৬০৬/৯৯৭৯ | ০.৬৮ | ২৩২০ | মামলা চলমান |
| ১৭ | কাঁচকলা | কুসুম্বী | পৌষি | ৬৪০ | ১.০৯ | ১৩৫০০ | |
| ১৮ | শীতলাই | কুসুম্বী | লক্ষীকোলা | ৮৮ | ২.০৩ | ১৯০০০ | মামলা চলমান |
| ১৯ | উত্তর পেঁচুল | কুসুম্বী | উত্তর পেঁচুল | ৩৬২ | ০.৮ | ৫১২৫ | |
| ২০ | হারকোনা | কুসুম্বী | ক্ষিকিন্দা | ১০১৬/১৩৩২ | ০.৮৪ | ৮৮০০ | মামলা চলমান |
| ২১ | তালপুকুর | কুসুম্বী | টুনিপাড়া | ৫২৩ | ২.৪৭ | ২০৪০০ | |
| ২২ | কুসুম্বী পুকুর | কুসুম্বী | কুসুম্বী | ৫৬৪ | ০.২৪ | ২৫০০ | |
| ২৩ | উচলবাড়িয়া | কুসুম্বী | উচলবাড়িয়া | ৬২৯/৭২৩ | ০.৬৬ | ৭৫৫১ | |
| ২৪ | ছোট শীতলাই | কুসুম্বী | লক্ষীকোলা | ১৭১ | ০.৩২ | ১২৫০০ | |
| ২৫ | পান্তাগাড়ী | কুসুম্বী | লক্ষীকোলা | ১২২ | ০.৩২ | ১২৫০০ | |
| ২৬ | হাড়ীগাড়ী | কুসুম্বী | তাঁতড়া | ৩২৫ | ০.৫২ | ৬০০০ | |
| ২৭ | ননিয়াগাড়ী | কুসুম্বী | কেল্লা | ২৮৩/৪২১ | ১.১৩ | ৮৬৯১ | |
| ২৮ | ধুমাতলা | খানপুর | গোপালপুর | ৩৫৭২ | ০.৯৫ | ১৯০০০ | |
| ২৯ | খাগাদোলন | খানপুর | গোপালপুর | ৭১৫ | ৩.০৪ | ১৮১০০ | মামলা চলমান |
| ৩০ | বিল | গাড়িদহ | পাইকপাথালিয়া | ২১২৮/৫৬২৯ | ১.৮১ | ৪১৫৮ | মামলা চলমান |
| ৩১ | বিল | গাড়িদহ | পাইকপাথালিয়া | ১০৮০/১৯৮০ | ১.২৭ | ৬১১৪ | মামলা চলমান |
| ৩২ | মথুরাপুকুর | গাড়িদহ | মাগুরগাড়ী | ৩৪৪/৩৪৫ | ১.৯৬ | ১৩৭০০ | মামলা চলমান |

| ক্র: নং | জলমহালের নাম | ইউনিয়ন | মৌজা | দাগ নং | পরিমাণ | ৫% বৃদ্ধিতে সরকারি মূল্য (বাৎসরিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৩ | চতিয়াগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ১৪৭ | ০.৬৩ | ১২৮১০ | |
| ৩৪ | সোহাগী | বিশালপুর | দোয়েলসারা | ৫৯,৬০ | ২.৩৪ | ৪০৭৬১ | |
| ৩৫ | নেংটাগাড়ী | বিশালপুর | উদগ্রাম | ২৮৮ | ০.৮০ | ২৬৫২৩ | মামলা চলমান |
| ৩৬ | তরফদার | বিশালপুর | সিরাজনগর | ৩৫২ | ১.৬৭ | ১৫৯৫০ | |
| ৩৭ | তাড়াটগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ১০০৬/২৮৩ | ০.৪১ | ২৫০০ | |
| ৩৮ | শৈলঠুকরী | বিশালপুর | বিশালপুর | ৮০৫ | ১.৯ | ১৮৮৭৭ | |
| ৩৯ | মন্ডলগাড়ী | বিশালপুর | কহিতকুল | ৬৭ | ০.৭৫ | ১৩১১০ | |
| ৪০ | চেংগাড়ী | বিশালপুর | কহিতকুল | ৩০৯ | ০.৮৬ | ৪১৩০৮ | |
| ৪১ | তেলিপুকুর | বিশালপুর | তেঘরী | ১৬৬ | ১.৬৯ | ১৪৮০৫ | |
| ৪২ | ভুটিয়াগাড়ী | বিশালপুর | ভাদার | ১২৪ | ০.৪৫ | ১২০১০ | |
| ৪৩ | হালালিয়াগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ৮৭ | ০.৩৩ | ৩২৫৫ | |
| ৪৪ | মহিষাগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ২৫ | ০.৫৫ | ৬১১০ | |
| ৪৫ | হামদারগাড়ী | বিশালপুর | কামালখাঁ | ৭৪ | ০.৩৭ | ৬৫৬৩ | |
| ৪৬ | সাড়ারদিঘী | বিশালপুর | উদগ্রাম | ১৬৩ | ১.২৫ | ১৫১১০ | মামলা চলমান |
| ৪৭ | বাড়ীতলা | বিশালপুর | উদগ্রাম | ১৪১ | ০.৪৫ | ১২১০১ | মামলা চলমান |
| ৪৮ | হাসড়াগাড়ী | বিশালপুর | বেওড়াপাড়া | ২৪৫ | - | ৬৫০০ | |
| ৪৯ | তালপুকুর | বিশালপুর | বেওড়াপাড়া | ৬৯৩ | ২. | ২৩৮৩৫ | |
| ৫০ | হারকানগাড়ী | বিশালপুর | ভাদার | ২৩৯ | ৩.৬১ | ১৮২২৭ | |
| ৫১ | নৌকাগাড়ী | বিশালপুর | ভাদার | ২১৬/৩৭১ | ৩.৬১ | ১৮২২৭ | |
| ৫২ | চামতাগাড়ী | বিশালপুর | তেঘরি | ৫০৬/৩৯ | ০.৮৪ | ৯১৩৫ | |
| ৫৩ | ছোট বোবাইহড়কি | বিশালপুর | পশ্চিম নাইশিমুল | ৯/৩১ | ১.৮৬ | ১৩২৩০ | |
| ৫৪ | মাটালগাড়ী | বিশালপুর | বামিহালি | ২০৯/৩৭৮ | ১.২৯ | ৬৪৫০ | |
| ৫৫ | নলুয়াগাড়ী | বিশালপুর | ভাদার | ৩১০/৪৭৮ | ০.৬ | ৬৮৫০ | |
| ৫৬ | হাড়ভাংগা | বিশালপুর | বিরাকৈর | ২৮৮ | ০.৭৭ | ৩৫০০ | |
| ৫৭ | বোয়ালমাড়ি | বিশালপুর | বিরাকৈর | ২৩৪ | ০.৭৬ | ৩৫০০ | মামলা চলমান |
| ৫৮ | চান্দেরপুকুর | বিশালপুর | মান্দাইল | ৮৯৪ | ১.৪৯ | ৭৪৫০ | মামলা চলমান |
| ৫৯ | গড়মহল | বিশালপুর | উদগ্রাম | ৬৮১ | ০.৬০ | ২৫০০ | মামলা চলমান |
| ৬০ | আন্দিয়া | বিশালপুর | ভাদাইকুড়ি | ৯/৩১ | ১.৬৭ | ২৬৫২৩ | |
| ৬১ | বনপাথালিয়া | বিশালপুর | কামালখাঁ | ১৮৯ | ০.৬১ | ৫৪৬০ | |
| ৬২ | বড়পুকুর | ভবানীপুর | আটাইল | ২৮৬ | ৯.২৮ | ৩৪০০০০ | |
| ৬৩ | ডায়াগাড়ী | ভবানীপুর | আমিনপুর | ৪৮৭ | ১.৩ | ১৩০০০ | |
| ৬৪ | ছোটমওলা | ভবানীপুর | খোর্দ্দবগুড়া | ৪৪৫ | ০.৬৪ | ৮৭৮০ | |
| ৬৫ | বুরুজ | ভবানীপুর | আঁশগ্রাম | ৪৬০/৪৮২ | ২.০৫ | ১৭২৪৮ | |
| ৬৬ | শৈল্যাপুকুর | ভবানীপুর | তেরাইল | ৫৭৮ | ০.৬৫ | ৮৫০০ | |
| ৬৭ | দমুয়া | ভবানীপুর | আঁশগ্রাম | ৪৮২ | ২.৩ | ৫৬৫০ | |
| ৬৮ | সুবর্ণহার | ভবানীপুর | সুবর্ণহার | ৩৪৭ | ০.৬৬ | ৫৭৭৫ | |
| ৬৯ | বলদাম পুকুর | ভবানীপুর | ভবানীপুর | ৫৩৭ | ১.২ | ৬৩০০ | |
| ৭০ | হাসড়াগাড়ী | ভবানীপুর | ভবানীপুর | ৫৪৪ | ০.৮৮ | ৯৫০০ | |
| ৭১ | কাশারিয়াপুকুর | ভবানীপুর | আমিনপুর | ১২৬৫ | ৩.৮৪ | ৩৬৪৪৪ | |
| ৭২ | মাঝিপুকুর | ভবানীপুর | তেরাইল | ৬২৪ | ১.৪৪ | ৬৯৯১ | |
| ৭৩ | চুড়াপুকুর | ভবানীপুর | তেরাইল | ২৮৮ | ২.২৮ | ১৭২৪৮ | |
| ৭৪ | ঈদগাহ মাঠ পুকুর | ভবানীপুর | আমিনপুর | ৫০১ | ১.৯৩ | ১৫৭৫০ | |
| ৭৫ | তালপুকুর | মির্জপুর | ভাদড়া | ৭১৬ | ১.৭৩ | ১১২৩৫ | |
| ৭৬ | নারিশা | মির্জপুর | মির্জাপুর | ২১৩ | ১১.৮৭ | ৩৬৭৫০ | |
| ৭৭ | দড়িমুকন্দ | মির্জপুর | দড়িমুকুন্দ | ৫৫৬ | ১.৮২ | ১৩২০০ | মামলা চলমান |
| ৭৮ | কদিমুকন্দ | মির্জপুর | কদিমুকুন্দ | ৪৬৬ | ১.০৫ | ১২৮০৫ | মামলা চলমান |
| ৭৯ | কদিমুকুন্দ | মির্জপুর | কদিমুকুন্দ | ৫৬৪ | ২.৩৪ | ১৯৫০০ | মামলা চলমান |
| ৮০ | পদ্মপুকুর | মির্জপুর | মাগুরগাড়ী | ১৫৮ | ২.৬৬ | ২১৮৬৫ | |
| ৮১ | ঠারকানগাড়ী | মির্জপুর | মাগুরগাড়ী | ৬৪ | ০.৫৪ | ৬০০০ | |
| ৮২ | চকগোলাম | সীমাবাড়ি | কালিয়াকৈর | ১০৫ | ০.৬৯ | ৪৪২০ | |
| ৮৩ | ছোট তাড়াটিয়া | ভবানীপুর | আমিনপুর | ৫১৭ | ১.০৮ | ৯৫৫৫ | |

[বিঃদ্রঃ] বিজ্ঞ আদালত কর্তৃক কোন জলমহাল/ দাগ নিয়ে স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা/অনুরূপ আদেশে থাকলে উক্ত জলমহাল/দাগ ইজারা প্রদান করা হবে না।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার সিডিউলের আবেদনপত্র ম্যানুয়ালি পুরণ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদানের সময়সূচি:

| ক্র: নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ১৯/০৫/২০২৪ হতে ৩০/০৫/২০২৪ | আবেদন ফরম বিক্রির তারিখ | |
| ০২ | ০২/০৬/২০২৪ | ম্যানুয়ালি আবেদন দাখিল। | |
| ০৪ | ০৩/০৬/২০২৪ | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | |
| ০৫ | ০৯/০৬/২০২৪ | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। | |
| ০৬ | ১৩/০৬/২০২৪ | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহিতার সাথে চুক্তি সম্পাদন। | |
| ০৭ | ২৬/০৬/২০২৪ | ইজারাগ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। | |

# শর্তাবলী

১. ১৪৩১-১৪৩৩ মেয়াদে সকল জলমহালের আবেদন ম্যানুয়ালি করতে হবে।
২. ০২/০৬/২০২৪তারিখে ম্যানুয়ালি আবেদন পত্রও জামানতের মূল কপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।
৩. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতি/প্রতিষ্ঠান দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।
৪. চূড়ান্তভাবে ইজারাদেশ প্রদান করা ইজারাগ্রহীতাকে নির্ধারিত কোডে সমুদয় ইজারামূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
৫. সকল সরকারি খাসবদ্ধ জলমহাল ০৩(তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।
৬. সমবায় অধিদপ্তর বা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্য জীবি সমবায় সমিতি ও মৎস্যজীবি সমিতি/সংগঠন আবেদন করতে পারবে।
৭. জলমহালের তীরবর্তী বা নিকটবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্যজীবি সমিতিকে অগ্রাধিকার দেওয়া হবে। আবেদনকারী মৎস্যজীবি সমবায় সমিতি ও মৎস্যজীবি সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তর গ্রহনের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরুপ উপজেলা সমবায়/সমাজ সেবা কর্মকর্তা(যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিলসহ বিগত ০২(দুই) বৎসরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।
৮. আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়ার এর অনুকুলে উদ্বৃত মূল্যের ২০% সোনালী/অগ্রণী ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার (মূলকপি) আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারা মেয়াদ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।
৯. আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়ার অনুকুলে আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য সোনালী/অগ্রণী ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার (মূলকপি) আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে।
১০. আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত জলমহালের ইজারা গ্রহিতাদের অনুকুলে আলাদাভাবে পত্র জারী করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে টানানো হবে। প্রথম বৎসরের ইজারা মূল্যের অর্থ সরকারের জলমহাল ও পুকুর ইজারার জমার খাত ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে এবং মোট ইজারা মূল্যের উপর ১০% আয়কর ১/১১৪১/০১৪০/০১১১ নম্বর এবং ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নম্বর কোডে জমা দিয়ে চালানের মূলকপি নিম্ন স্বাক্ষরকারির কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত পত্রে ও নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়কর সহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত সহ ইজারা বাতিল করে পুনরায় ইজারা প্রদান করা হবে।
১১. ইজারা মেয়াদের ২য় বৎসরের বা তৎপরবর্তী বৎসরের ইজারা মূল্য বছর শুরু হওয়ার পূর্বে অর্থাৎ পূর্ববর্তী বৎসরের ২৩ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয় ভাবে বাতিল হবে এবং জলমহাল পুণরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. ইজারা অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারা দাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভূমি) ব্যবস্থাপনা ম্যানুয়েল মোতাবেক) ৩০০/-(তিন শত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহাল দখল হস্তান্তর করা হবে না।
১৩. ইজারা গ্রহিতা জলমহলের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা ইজারা গ্রহিতা নিশ্চিত করবেন।
১৪. ইজারা গ্রহিতা কোন জলমহাল সাবলীজ অথবা অন্যকোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেনা। যদি উক্তরুপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমানিত হয় তবে ইজারা বাতিল করে জলমহাল পুনরায় ইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে ইজারা গ্রহিতা/সমিতি ০৩(তিন) বৎসরের মধ্যে আবেদন করতে পারবে না।
১৫. ইজারা গ্রহিতা জলমহাল সীমারেখা বজায় রাখবেন। জলমহাল পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেনা। তিনি নিজ দায়িত্ব ইজারাকৃত জলমহাল সরকারি সম্পত্তি সংরক্ষন করবে।
১৬. ইজারা গ্রহিতা জলমহাল পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবে না।
১৭. কোন সমিতি ইতিপূর্বে লিজ নেয়া জলাশয়ের ইজারামূল্য বকেয়া থাকলে আবেদন ফরম গ্রহণের সময় বকেয়া পরিশোধের চালান কপি জমা দিতে হবে। ইজারামূল্য বকেয়া রেখে/ তথ্য গোপন করলে জলমহাল ইজারা প্রাপ্তির যোগ্যতা থাকবেনা।
১৮. ইজারা গ্রহিতা উর্দ্ধতন সরকারি কর্মকর্তা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।
১৯. বছরের যে কোন সময়ে ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা বছরের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে।
২০. যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষন করে।
২১. বিষ প্রয়োগ করে মাছ নিধন করা যাবেনা।
২২. সরকারি উন্নয়ন পরিকল্পনা কর্মসূচী বাস্তবায়নে যে কোন সময় জলমহালটি সরকারের অনুকূলে নেয়া যাবে।
২৩. কৃষি জমি চাষাবাদের প্রয়োজনে মৎস্য চাষে ব্যাঘাত না ঘটিয়ে পানি ব্যবহারের অনুমতি দিতে হবে।
২৪. ৩০ চৈত্র ১৪৩৩ বাংলা তারিখের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারার মেয়াদ শেষ হবে।
২৫. কোন মৎস্যজীবি সমিতি প্রথম জলমহালের ইজারা মূল্য বকেয়া রেখে ২য় জলমহাল ইজারা নিতে পারবেন না।
২৬. আবেদনকারী মৎস্যজীবি সমিতিকে আবেদনের সাথে উপজেলা নির্বাহী নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত ইজারা মূল্য পরিশোধের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১১.০৫.২৪
(মোঃ সুমন জিহাদী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
শেরপুর, বগুড়া
টেলিফোন : ০২৫৮৯৯০৯২০১
unosherpurbogra@mopa.gov.bd